

ইকফাই বিশ্ববিদ্যালয়ে আইনশিক্ষা বিষয়ক কর্মশালা শুরু

সামাজিক সমস্যা সমাধানে আইনের

ব্যবহারে মাধব মেননের গুরুত্বারোপ

আগরতলা, ৬ সেপ্টেম্বর :

‘বিবাদ নিরসনে বিকল্প পন্থার শিক্ষণ ও তার ব্যবহারিক প্রয়োগ’ শীর্ষক তিনদিনের এক পেশাদার প্রশিক্ষণ কর্মসূচী আজ থেকে ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার কামালঘাটস্থিত ক্যাম্পাসে শুরু হয়েছে। ব্যাঙালোরস্থিত ন্যাশনাল ল’ স্কুল অব ইন্ডিয়া ইউনিভার্সিটি এবং কোচিস্থিত এম কে নাথিয়্যার একাডেমী ফর কন্টিনিউইং লিগ্যাল এডুকেশনের সহায়তায় শুরু হওয়া এই কর্মসূচী বৃহস্পতিবার অন্দি চলবে। এধরনের কর্মশালা ত্রিপুরায় প্রথমবারের মত আয়োজিত হচ্ছে। ত্রিপুরা এবং পূর্বোত্তর ভারতের অন্যান্য রাজ্য থেকে প্রায় ৪০ জন আইন শিক্ষক/শিক্ষিকা তিনদিনের এই কর্মশালায় অংশগ্রহন করেছেন।

কর্মসূচীর শেষদিনে তথা ৮ই সেপ্টেম্বর ত্রিপুরার গর্বের মেয়ে দীপা কর্মকার ও তার প্রশিক্ষক বিশ্বেশ্বর নন্দীকে সংবর্ধনা জ্ঞাপন করা হবে। সেদিন সকাল সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের কামালঘাটস্থিত ক্যাম্পাসে দীপা ও তার প্রশিক্ষককে আনুষ্ঠানিকভাবে সংবর্ধনা দেবেন দেশের আধুনিক আইনশিক্ষা ব্যবস্থার জনক তথা পদ্মশ্রী পুরস্কারপ্রাপ্ত ব্যক্তিত্ব অধ্যাপক নীলাকান্ত রামকৃষ্ণ মাধব মেনন এবং ব্যাঙালোরস্থিত ন্যাশনাল ল’ স্কুল অব ইন্ডিয়া ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক আর ভেঙ্কট রাও।

মঙ্গলবার সকাল ১১টায় মঙ্গল প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে তিনদিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচীর আনুষ্ঠানিক উদ্বোধন করেন দেশের আধুনিক আইনশিক্ষা ব্যবস্থার জনক তথা পদ্মশ্রী পুরস্কারে ভূষিত অধ্যাপক এন আর মাধব মেনন। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মার্কিন যুক্তরাষ্ট্রের পেনসিলভেনিয়া স্টেট ইউনিভার্সিটির স্নাতক ও আন্তর্জাতিক কর্মসূচী বিভাগের ডিন্ স্টিফেন জি বার্ণস্ ও ত্রিপুরা সরকারী আইন মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ডঃ রঞ্জন কুমার মিশ্র। সভাপতিত্ব করেন ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার সহ-উপাচার্য অধ্যাপক বিপ্লব হালদার।

ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার সহ-উপাচার্য অধ্যাপক বিপ্লব হালদার স্বাগত ভাষণে অধ্যাপক এন আর মাধব মেননের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, উনার মত প্রবাদপ্রতিম ব্যক্তিত্বের প্রথম ত্রিপুরা সফর নিশ্চিতভাবেই রাজ্যের আধুনিক আইনশিক্ষা ব্যবস্থায় বিরাট প্রভাব ফেলবে। তিনি আশাপ্রকাশ করে জানান, এধরণের প্রশিক্ষণ কর্মসূচী অদূর ভবিষ্যতে সমগ্র পূর্বোত্তর ভারতে আধুনিক আইনশিক্ষা ব্যবস্থায় গুণগত বিরাট পরিবর্তন আনবে। অনুষ্ঠানে স্টিফেন জি বার্ণস্ ও ডঃ রঞ্জন কুমার মিশ্র সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

প্রধান বক্তার ভাষণে অধ্যাপক এন আর মাধব মেনন বিবাদ নিরসনে বিকল্প পন্থার শিক্ষণ ও তার ব্যবহারিক প্রয়োগের উপর গুরুত্বারোপ করে বলেন, পুঁথিগত শিক্ষার চাইতেও সামাজিক সমস্যার গ্রহনযোগ্য সমাধানে আইনের ব্যবহারিক প্রয়োগ বাড়াতে হবে। আইন ব্যবস্থা হচ্ছে মান সভ্যতার দান, একথা জানিয়ে অধ্যাপক মেনন বলেন, চলমান আইনশিক্ষা ব্যবস্থার প্রতিনিয়ত পরিবর্তন ঘটছে। এর সাথে তাল মিলিয়ে চলতে হবে। তিনি আরো বলেন, শিক্ষার কোন শেষ নেই। একজন শিক্ষার্থী যত শিখবে তত বুঝবে খুব কমই সে শিখেছে। উদ্বোধনী অনুষ্ঠানশেষে ধন্যবাদ জ্ঞাপন করেন ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার নিবন্ধক ডঃ এ রঞ্জন।
